# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো যখন তার কোন জিনিস হাতছাড়া হয়ে যায়, তখন সে এজন্য হা-হুতাশ করবে না বরং সে তার জন্য যে প্রতিদান জমা করা হয়েছে, তার প্রতি লক্ষ্য করবে

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ عَلَى الْمَرْءِ عِنْدَ الْعُدْمِ النَّظَرَ إِلَى مَا ادُّخِرَ لَهُ مِنَ الْأَجْرِ دُونَ التلَهُّفِ عَلَى مَا فَاتَهُ مِنْ بُغْيَتِهِ

---

আরবী

722 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قال: حدثنا المقرىء قَالَ: حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: حَدَّثَنِي أبو هانىء حميد بن هانىء أَنَّ أَبَا عَلِيٍّ الْجَنْبِيَّ حَدَّثَهُ: أَنَّهُ سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ يُحَدِّثُ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى بِالنَّاسِ يَخِرُّ رِجَالٌ مِنْ قَامَتِهِمْ فِي الصَّلَاةِ لِمَا بِهِمْ مِنَ الْحَاجَةِ وَهُمْ أَصْحَابُ الصُّفَّةِ حَتَّى يَقُولَ الْأَعْرَابُ: إِنَّ هَؤُلَاءِ لَمَجَانِينَ فَإِذَا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ قَالَ: (لَوْ تَعْلَمُونَ مَا لَكُمْ عِنْدَ اللَّهِ لَأَحْبَبْتُمْ أَنْ تَزْدَادُوا فَاقَةً وَحَاجَةً) قَالَ فَضَالَةُ: وَأَنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يومئذ.

الراوي : فَضَالَةَ بْنَ عُبَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 722 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২২. ফাযালা বিন উবাইদ রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন লোকদের নিয়ে সালাত আদায় করতেন, তখন কিছু লোক ক্ষুধার কারণে সালাতে পড়ে যেতেন। এঁরা ছিলেন আসহাবে সুফ্ফাহ। তখন বেদুইন ব্যক্তিরা বলতো, “নিশ্চয়ই এরা পাগল হয়ে গেছে!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত শেষ করে বলতেন, “যদি তোমরা জানতে যে, মহান আল্লাহর কাছে তোমাদের জন্য কী প্রতিদান রয়েছে, তবে তোমরা অবশ্যই ক্ষুধা ও অভাব বৃদ্ধি পাওয়াকে পছন্দ করতে।” ফাযালা বিন উবাইদ রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু বলেন, “সেসময় আমিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে ছিলাম।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৮; তিরমিযী: ২৩৬৮; আত তাবারানী আল কাবীর: ১৮/৭৯৮; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ২/১৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ২১৬৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফাযালা বিন উবাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89224

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন